যুগান্তর

তারিখ 12 DEC 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# সরকারি হাইস্কুলে ভর্তি আবেদনের শেষ দিন আজ

যুগান্তর রিপোর্ট

সারা দেশের ৩১৬টি সরকারি হাইস্কুলে ভর্তিযুদ্ধ তীব্র আকার ধারণ করছে। এবার মোট ৬৭ হাজার ৩৯টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। রোববার পর্যন্ত এসব আসনে অনলাইনে ২ লাখ ৭৯ হাজার ৩৫১টি আবেদন জমা পড়ছে। আজ রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) সূত্রে এ তথ্য জানা গেছে। এদিকে এবার রাজধানীতে নতুন প্রতিষ্ঠিত ১১টিসহ মোট ৩৮টি হাইস্কুল ও এর ফিডার শাখায় ১০ হাজার ৫৯৫টি আসনের বিপরীতে রোববার বিকাল পর্যন্ত ৬০ হাজার ৪০৩টি আবেদন জমা পড়েছে। এসব বিষয় নিশ্চিত করে মাউশির পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক মো. এলিয়াছ হোসেন বলেন, স্বচ্ছভাবে ভর্তি পরীক্ষা ও লটারি সম্পন্ন করার জন্য মঙ্গলবার সভা করে মনিটরিং টিম গঠন করা হবে। রাজধানীর ৩৮টি সরকারি হাইস্কুলকে এবারও 'ক', 'খ' ও 'গ' এই তিন গ্রুপে ভাগ করা হয়েছে। এর মধ্যে ৩টি স্কুলে ফিডার শাখা রয়েছে। মাউশি সূত্র জানায়, ১ম শ্রেণীতে ভর্তির জন্য আবেদনকারীদের লটারির মাধ্যমে ভর্তি করা হবে।